

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
আগারগাঁও, ঢাকা।
www.ecs.gov.bd

তারিখঃ ১২ মার্চ ২০১৮

সংবাদ বিজ্ঞপ্তি

আগামীকাল জাতীয় সংসদের ২৯ গাইবান্ধা-১ ও ২৪৩ ব্রাহ্মণবাড়ীয়া-১ শূন্য আসনে নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠানের যাবতীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। সকাল ৮:০০ টা হতে বিকেল ৪:০০ টা পর্যন্ত একটানা ভোটগ্রহণ চলবে। নির্বাচনি এলাকায় ভোটগ্রহণের দিন সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। নির্বাচন এলাকার ভোটারগণ যাতে নির্বিঘ্নে ও আনন্দমুখর পরিবেশে ভোটপ্রদান করতে পারেন সেজন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

২৯ গাইবান্ধা-১ নির্বাচনি এলাকা: সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষভাবে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচনি এলাকায় নিশ্চিহ্ন নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ব্যাপক সংখ্যক আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য মোতায়েন করা হয়েছে। নির্বাচনি এলাকার প্রতিটি সাধারণ ভোটকেন্দ্রে ৮ জন পুলিশসহ ২২ জন এবং গুরুত্বপূর্ণ ভোটকেন্দ্রে ১০ জন পুলিশসহ ২৪ জন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য মোতায়েন করা হয়েছে। মোবাইল টিমে ৩০১জন ও স্ট্রাইকিং ফোর্সে ১৬০জন পুলিশ, মোবাইল টিমে ১৫০ জন এবং স্ট্রাইকিং ফোর্সে ১৫০জন এপিবিএন, প্রতি কেন্দ্রে ১৪জন করে ১৫২৬ জন আনসার সদস্য, মোবাইল টিমে ১৭২জন এবং স্ট্রাইকিং ফোর্সে ১৫০ জন ব্যাটালিয়ান আনসার এবং ০৮ প্লাটুন বিজিবি ও র্যাবের ১৮টি মোবাইল টিম মোতায়েন থাকবে। বাংলাদেশ আওয়ামী লীগ, জাতীয় পার্টি, গণফ্রন্ট ও ন্যাশনাল পিপলস পার্টির ৪জন প্রতিদ্বন্দ্বী এ নির্বাচনে অংশগ্রহণ করছেন। এ আসনের মোট ভোটার সংখ্যা ৩ লক্ষ ৩৮ হাজার ৫৫৬ জন ও মোট ভোটকেন্দ্র ১০৯টি।

২৪৩ ব্রাহ্মণবাড়ীয়া-১ নির্বাচনি এলাকা: নির্বাচনি এলাকার প্রতিটি সাধারণ ভোটকেন্দ্রে ৮ জন পুলিশসহ ২২ জন এবং গুরুত্বপূর্ণ ভোটকেন্দ্রে ১০ জন পুলিশসহ ২৪ জন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য মোতায়েন করা হয়েছে। মোবাইল টিমে ২৭৩ জন ও স্ট্রাইকিং ফোর্সে ১৩০জন পুলিশ, স্ট্রাইকিং ফোর্সে ১০০জন এপিবিএন, প্রতি কেন্দ্রে ১৪জন করে ১০৩৬ জন আনসার সদস্য, মোবাইল টিমে ৪০জন এবং স্ট্রাইকিং ফোর্সে ১০ জন ব্যাটালিয়ান আনসার এবং ০৭ প্লাটুন বিজিবি ও র্যাবের ২৬টি মোবাইল টিম মোতায়েন থাকবে। বাংলাদেশ আওয়ামী লীগ, জাতীয় পার্টি ও ইসলাম ঐক্যজোটের ০৩ জন প্রতিদ্বন্দ্বী এ নির্বাচনে অংশগ্রহণ করছেন। এ আসনের মোট ভোটার সংখ্যা ২ লক্ষ ১৪ হাজার ৯ জন ও মোট ভোটকেন্দ্র ৭৪টি।

২৯ গাইবান্ধা-১ নির্বাচনি আসনে জনাব জি.এম সাহতাব উদ্দিন, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর এবং ২৪৩ ব্রাহ্মণবাড়ীয়া-১ নির্বাচনি আসনে জনাব মোঃ শাহেদুল্লাহ চৌধুরী, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা রিটার্নিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করছেন।



মোঃ আশাদুল হক

সহকারী পরিচালক (জনসংযোগ)

ফোন: ৫৫০০৭৫৫৬